# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 21-05-2025 Time: 7.35 A.M.**

## বিশেষ বিশেষ খবরঃ-

১। অপারেশন সিন্দুর নিয়ে ভারতের কূটনৈতিক প্রচারের অঙ্গ হিসেবে প্রথম সর্বদলীয় প্রতিনিধি দল আজ চার দেশ সফরে রওনা দেবে। তৃণমূল কংগ্রেসের এক প্রতিনিধি দল আজ কাশ্মীর যাচ্ছেন।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে অমৃত ভারত প্রকল্পের আওতায় এরাজ্যের তিনটি সহ নবরূপে সজ্জিত ১০৩-টি স্টেশনের উদ্বোধন করবেন।

আগামী ২৯ তারিখ প্রধানমন্ত্রী আলিপুরদুয়ার আসছেন বলে বিজেপি সূত্রে জানা গেছে।

৩) রাজ্য সরকারের সঙ্গে তিন দফা বৈঠকে কোন সমাধান সূত্র না বেরনোয় আগামীকাল থেকে তিনদিনের বাস ধর্মঘটের সিদ্ধান্তে অনড় থাকছে বেসরকারী পরিবহণের সাতটি সংগঠন।

৪) পশ্চিম মেদিনীপুরের ঘাটাল – চন্দ্রকোণা রোডে ক্ষিরপাই বুড়ির পুকুর এলাকায় এক পথ দুর্ঘটনায় ৪ জনের মৃত্যু হয়েছে।

৫) জার্মানিতে আই এস এস এফ-এর জুনিয়ার ওয়ার্ল্ড কাপে ৫০ মিটার রাইফেল প্রোণ ইভেন্টে রূপো পেয়েছেন ভারতের আদ্রিয়ান কর্মকার।

oooooooooooooooooooooooooooo

সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের অবস্থান স্পষ্ট করতে এবং অপারেশন সিন্দুর নিয়ে সকলকে অবহিত করার জন্য বিভিন্ন দেশে ভারতের গঠিত সাতটি সর্বদলীয় প্রতিনিধি দলের প্রথমটি আজ চার দেশ সফরে রওনা হবে। শিবসেনা সাংসদ শ্রীকান্ত শিন্ডের নেতৃত্বে এই দলটি সংযুক্ত আরব-আমীরসাহী, লাইবেরিয়া, গণতান্ত্রিক কঙ্গোপ্রজাতন্ত্র এবং সিয়েরা লিয়নে যাবেন।

এদিকে, কেন্দ্রের সংসদীয় প্রতিনিধি দলে তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে যোগ দেওয়ার জন্য দলের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নাম প্রস্তাব করা হয়েছে। এর আগে মনোনীত সাংসদ ইউসুফ পাঠানের নামে দল আপত্তি জানানোয় সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু মুখ্যমন্ত্রীর সঙ্গে ফোনে কথা বলেন। সেখানেই অভিষেকের নাম প্রস্তাব করেন মুখ্যমন্ত্রী। কেন্দ্রের এই বিদেশনীতির প্রতি পূর্ণ সমর্থনের কথা মুখ্যমন্ত্রী আগেই জানিয়েছিলেন।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস কাশ্মীরে এক প্রতিনিধি দল পাঠাচ্ছে। পাঁচ সদস্যের এই প্রতিনিধি দলে আছেন মানস ভুঁইঞা, সাগরিকা ঘোষ, মমতাবালা ঠাকুর, ডেরেক ও' ব্রায়েন ও নাদিমুল হক। আজ তাঁরা রওনা দেবেন। শ্রীনগর পৌছে এই প্রতিনিধি দল পুঞ্চ এবং রাজৌরির একাধিক ক্ষতিগ্রস্ত গ্রাম পরিদর্শন করবেন।

oooooooooooooooooooooooooooo

অপারেশন সিঁদুর এর সাফল্য সেনাবাহিনীর বীর জওয়ান দের কুর্নিশ জানিয়ে অভিনেতা খরাজ মুখোপাধ্যায় বলেন, জাতি ধর্ম নির্বিশেষে সকলেই গর্বিত। পাহেলগাঁওতে যে ঘটনা ঘটেছে তার পুনরাবৃত্তি যাতে আর না হয় সে প্রার্থনাও করেন তিনি।

(বাইট- খরাজ)

oooooooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল, ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে 'অমৃত ভারত' প্রকল্পের আওতায় নব রূপে সজ্জিত ১০৩ টি স্টেশনের উদ্বোধন করবেন। এর

মধ্যে রয়েছে, এ রাজ্যে পুরুলিয়ার জয়চন্ডী পাহাড়, পশ্চিম বর্ধমানের পানাগড় এবং নদীয়ার কল্যাণীর ঘোষপাড়া স্টেশন। এছাড়া বাংলার আরও একশোটি স্টেশনের উন্নয়নের কাজ চলছে এই প্রকল্পের অধীনে।

অন্যান্য স্টেশনগুলির মতোই জয়চন্ডী পাহাড় স্টেশনে একাধিক উন্নয়নমূলক কাজের কথা জানিয়েছেন দক্ষিণ পূর্ব রেলের জন সংযোগ আধিকারিক সোপান দত্ত।

(বাইট- সোপান)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল ১০৩ টি অমৃত ভারত স্টেশনকে যে জাতির উদ্দেশে উৎসর্গ করবেন, এই নিয়ে আজ শুনবেন বিশেষ আলোচনা- 'অমৃত ভারত স্টেশন' । অংশ নিয়েছেন, পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের জনসংযোগ আধিকারিক একলব্য চক্রবর্তী এবং আসানসোল ডিভিশনের জনসংযোগ আধিকারিক বিপ্লব বাউরী।

সংকলনে কল্যাণ লাহা।
আজ সকাল সাড়ে নয়টায় গীতাঞ্জলি এবং DTH বাংলায় এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে অনুষ্ঠানটি শোনা যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

**প্রধানমন্ত্রী** নরেন্দ্র মোদী আগামী **২৯শে মে** আলিপুরদুয়ারে এক জনসভায় যোগ দেবেন। বিজেপির পক্ষ থেকে জানানো হয়েছে, আলিপুরদুয়ার প্যারেড গ্রাউন্ডে ওই জনসভা সেরে প্রধানমন্ত্রী সিকিমে।
প্রধানমন্ত্রীর সফরের আগে আলিপুরদুয়ারে সাংসদ মনোজ টিজ্ঞা, জেলা বিজেপি নেতারা গতকাল প্যারেড ময়দান পরিদর্শন করেন। খতিয়ে দেখেন প্রস্তুতি। শ্রী টিজ্ঞা জানান, অপারেশন সিন্দুরের পর প্রধানমন্ত্রী এরাজ্য সফরের জন্য আলিপুরদুয়ারকে বেছে নিয়েছেন।

(বাইট- মনোজ টিজ্ঞা)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দেশের চা সংস্কৃতি ও তার আর্থ-সামাজিক গুরুত্বকে তুলে ধরতে আজ, 'আন্তর্জাতিক চা দিবস' উপলক্ষে নানান কর্মসূচি নিয়েছে ভারতের টি বোর্ড। রাষ্ট্রসংঘের খাদ্য ও কৃষি সংস্থা ঘোষিত এ বছরের আন্তর্জাতিক চা দিবসের মূল ভাবনা - 'টি ফর বেটার লাইভস'। শহরের তরুণ প্রজন্ম-সহ সব বয়সের মানুষের মধ্যে চায়ের উপকারিতা সম্পর্কে সচেতনতা বাড়াতে একাধিক উদ্যোগ নেওয়া হয়েছে। আজ সকাল ৮টায় কলকাতার মিলেনিয়াম পার্কে 'ইন্ডিয়া টি ওয়াকাথন' নামে স্বাস্থ্য সচেতনতামূলক পদযাত্রার আয়োজন করা হচ্ছে।

এছাড়াও ইন্ডিয়া টি-ব্র্যান্ডের গাড়িতে শহরের বিভিন্ন স্থানে চা চেখে দেখা, কুইজ ও অন্যান্য প্রতিযোগিতার মাধ্যমে চায়ের উপকারিতা ও বৈচিত্র্য সম্পর্কে সচেতন করা হচ্ছে নাগরিকদের। কলকাতা সহ দেশের বিভিন্ন প্রান্তে এই কর্মসূচির মাধ্যমে ভারতের চায়ের আন্তর্জাতিক সুনাম বৃদ্ধি এবং ভবিষ্যৎ প্রজন্মের সঙ্গে চা সংস্কৃতির গভীর সংযোগ গড়ে তোলাই মূল লক্ষ্য বলে টি বোর্ড ইন্ডিয়া জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার ২৫ শে মে , আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২২ তম পর্ব।

ওইদিন বেলা ১১ টা থেকে আকাশবাণীর সবকটি কেন্দ্র, সোশ্যাল মিডিয়া এবং দূরদর্শনে মন কি বাত সরাসরি সম্প্রচারিত হবে।

জনগণ এই অনুষ্ঠানের জন্যে টোল ফ্রি ১৮০০-১১-৭৮০০ নম্বরে তাদের মতামত এবং পরামর্শ জানাতে পারবেন। আগামী শুক্রবার ২৩ শে মে পর্যন্ত নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাই গভ ওপেন ফোরামে অনলাইনে মতামত জানানো যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর ৩৫ তম প্রয়াণ দিবস আজ রাজ্য তথা দেশ জুড়ে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হচ্ছে। পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেস, দিনটি আত্ম বলিদান দিবস হিসেবে উদযাপন করছে। কলকাতায় প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধান ভবনে রাজীব গান্ধীর প্রতি শ্রদ্ধা জানাতে স্বেচ্ছায় রক্তদান শিবির সহ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। দেশ গঠনে শ্রী গান্ধীর ভূমিকার কথাও আজ স্মরণ করা হচ্ছে।

উল্লেখ্য, ১৯৯১ সালের ২১ শে মে শ্রী পেরুমবুদুরে এক এলটিটিই সদস্যের আত্মঘাতী বোমা বিস্ফোরণে নিহত হন রাজীব গান্ধী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকারের সঙ্গে তিন দফা বৈঠকে কোন সমাধান সূত্র না বেরনোয় আগামীকাল থেকে তিনদিনের বাস ধর্মঘটের সিদ্ধান্তে অনড় থাকছে বেসরকারী পরিবহণের সাতটি সংগঠন। কলকাতা, বিধানগর ও হাওড়া পুলিশ কমিশনারেটের ডিসি ট্রাফিকের সঙ্গে বৈঠকে কোন সমাধান সূত্র বেরয়নি বলে জয়েন্ট কাউন্সিল অফ বাস সিন্ডিকেটের সাধারণ সম্পাদক তপন বন্দ্যোপাধ্যায় জানান। এর আগেও সমস্যা সমাধানে দু-দফায় বৈঠক হয়েছিল।

উল্লেখ্য কোভিডের কারণে ২ বছর বন্ধ থাকায় বাণিজ্যিক ক্ষেত্রে গাড়ি চালানোর মেয়াদ ২ বছর বৃদ্ধির দাবি জানানো হয়। একই সঙ্গে পুলিশী জুলুমের বিরোধিতা সহ পাঁচ দফা দাবি জানান সংগঠনের প্রতিনিধিরা।

(বাইট – তপন)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম মেদিনীপুরের ঘাটাল – চন্দ্রকোণা রোডে ক্ষিরপাই বুড়ির পুকুর এলাকায় এক পথ দুর্ঘটনায় ৪ জনের মৃত্যু হয়েছে। আহত আরও বেশকয়েকজন। আমাদের জেলা সংবাদদাতা জানিয়েছেন, চন্দ্রকোণাগামী একটি বাইকের সঙ্গে ঘাটালমুখী অপর একটি বাইকের মুখোমুখি সংঘর্ষ হয়। এর জেরে ঘটনাস্থলেই এক বাইক আরোহীর মৃত্যু হয়। পরে হাসপাতালে প্রাণ হারান আরও তিন জন। আহতদের ঘাটাল মহকুমা হাসপাতালে চিকিৎসা চলছে। মৃতদের পরিচয় জানা যায়নি।

oooooooooooooooooooooooooooo

তেহট্টের বিধায়ক তাপস সাহার মৃত্যু হলেও নিয়োগ দুর্নীতির তদন্ত থেমে থাকবে না বলে কলকাতা হাইকোর্ট জানিয়েছে। পাশাপাশি এই দুর্নীতি থেকে এখনই মৃত তৃণমূল কংগ্রেস বিধায়কের নাম বাদ যাচ্ছে না বলেও জানানো হয়েছে। সিবিআই এই মামলাকে ' বৃহত্তর ষড়যন্ত্র ' হিসেবে চিহ্নিত করায়, তাতে গুরুত্ব দিয়ে তদন্ত চালিয়ে যেতে নির্দেশ দেন বিচারপতি তপোব্রত চক্রবর্তী ও বিচারপতি ঋতব্রত মিত্রের ডিভিশন বেঞ্চ। রাজ্যের দুর্নীতি দমন শাখাকে আগামী সাত দিনের মধ্যে এই মামলার কেস ডায়েরি সহ সমস্ত নথি সিবিআইকে হস্তান্তর করার নির্দেশও দেওয়া হয়েছে।

উল্লেখ্য, বিচারপতি রাজাশেখর মান্থা, ২০২৩ সালের ১৮ই এপ্রিল এই মামলা রাজ্যের দুর্নীতি দমন শাখার হাত থেকে সিবিআইয়ের হাতে হস্তান্তর করতে নির্দেশ দিয়েছিলেন। কিন্তু দু বছর হয়ে গেলেও রাজ্য সেই নথি হস্তান্তর করেনি। দুর্নীতি দমন শাখার ইন্সপেক্টর অনুপম দাস ওই রায় চ্যালেঞ্জ করেন ডিভিশন বেঞ্চে। এর প্রেক্ষিতেই গতকাল বেঞ্চের এই নির্দেশ।

oooooooooooooooooooooooooooo

সুপ্রীম কোর্টের নির্দেশে হারানো চাকরী ফিরে পেতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এবং শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর সঙ্গে আলোচনায় বসতে চেয়ে চিঠি দিল যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চ। চিঠিতে সংগঠনের বক্তব্য, রিভিউ পিটিশনের বিষয়ে সরকার আইনগত দিক থেকে কিভাবে এগোচ্ছে এবং সুপ্রিম কোর্টে পুনর্বিবেচনার আবেদন খারিজ হয়ে

গেলে কোন পথে তাঁদের চাকরি বাঁচানোর কথা সরকার ভাবছে তা নিয়ে আলোচনায় বসতে চান তাঁরা। নতুন করে নিয়োগ বিজ্ঞপ্তির বিষয়টি কোন স্তরে রয়েছে তা জানতে চাওয়া হয়েছে। তবে এখনো পর্যন্ত মুখ্যমন্ত্রী বা শিক্ষামন্ত্রীর তরফে বৈঠকের সময় দেওয়া হয়নি বলে জানিয়েছেন আন্দোলনকারীরা।

উল্লেখ্য, পরীক্ষা ছাড়াই তাঁদের চাকরিতে পুনর্বহাল করুক রাজ্য সরকার- এই দাবিতে ১৫ দিন ধরে বিকাশ ভবনের সামনে অবস্থান বিক্ষোভ করছেন চাকরীহারা শিক্ষক শিক্ষিকাদের একাংশ। একই দাবিতে মুখ্যমন্ত্রী, শিক্ষামন্ত্রী, মুখ্যসচিব ও এসএসসির চেয়ারম্যানকে চিঠি দিয়েছে 'ওয়েস্ট বেঙ্গল আনটেন্টেড টিচার্স অ্যাসোসিয়েশন' নামে চাকরিহারা শিক্ষকদের আরেকটি সংগঠন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে বর্ষার আগমনের আগেই ডেঙ্গু আক্রান্তের সংখ্যা হাজার পেরিয়েছে। মালয়েশিয়া, থাইল্যান্ডের মতো একাধিক দেশে ফের করোনা সংক্রমণে বাড়বাড়ন্ত নিয়ে উদ্বেগের মধ্যেই মশাবাহিত এই রোগের সংক্রমণ বৃদ্ধি চিন্তা বাড়িয়েছে। এবার সংক্রমিতের হারের নিরিখে কলকাতা ও উত্তর ২৪ পরগণাকে টেক্কা দিয়ে শীর্ষ স্থানে উঠে এসেছে হাওড়া।

স্বাস্থ্য দফতর সূত্রে জানা গিয়েছে, পয়লা জানুয়ারি থেকে ১৪ই মে পর্যন্ত ঐ জেলায় ডেঙ্গু আক্রান্তের সংখ্যা ১৫৪ জন। এর পরেই রয়েছে উত্তর ২৪ পরগনা। সেখানে একই সময়ে ১৪০ জন মানুষ ডেঙ্গিতে আক্রান্ত হয়েছেন। তৃতীয় স্থানে থাকা হুগলিতে ১২০, মুর্শিদাবাদে ১১৩ ও কলকাতায় ৮২ জন ডেঙ্গি আক্রান্ত রোগীর সন্ধান মিলেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার টিটাগড়ে বহুতল আবাসনের চিলেকোঠায় বিস্ফোরণের ঘটনায় ধৃত তৃণমূল কংগ্রেস কাউন্সিলার আরমান মন্ডল সহ তিনজনকে ব্যারাকপুর আদালতে তোলা হয়। তাদের চারদিনের পুলিশ হেফাজত হয়েছে।

বিষ্ফোরণের ঘটনায় আরমান ওরফে মহম্মদ রিয়াজউদ্দিন, আরশাদ খান ও মহম্মদ শাহরুখকে পুলিশ গ্রেপ্তার করে। আরমানের অবশ্য দাবি, তাকে ফাঁসানো হয়েছে। কাউন্সিলারের মুক্তির দাবীতে সকাল থেকেই স্থানীয় মহিলারা থানার সামনে বিক্ষোভ দেখান।

অন্যদিকে, বিস্ফোরণ কান্ডে দোষীদের কঠোরতম শাস্তির দাবিতে টিটাগড় থানায় কংগ্রেসের এক প্রতিনিধি দল থানায় স্মারকলিপি জমা দেয় ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

জার্মানিতে অনুষ্ঠিত আইএসএসএফ জুনিয়র ওয়ার্ল্ড কাপে ৫০ মিটার রাইফেল প্রোন ইভেন্টে রূপো জিতেছেন ভারত তথা বাংলার আদ্রিয়ান কর্মকার। তিনি অলিম্পিয়ান বাঙালি শুটার জয়দীপ কর্মকারের পুত্র। জার্মানির সুহলে গতকাল কুড়ি বছরের আদ্রিয়ান শুটিং এর ৫০ মিটার রাইফেল বিভাগে ৬২৬.৭ পয়েন্ট পেয়ে রূপো জেতেন। প্রথম স্থান অধিকারী সুইডেনের জেসপার জোহানসনের থেকে মাত্র ০.৩ পয়েন্টে পিছিয়ে ছিলেন তিনি। আদ্রিয়ানের এই জয় জাতীয় জুনিয়র পর্যায়ে নতুন রেকর্ড তৈরি করেছে। এর আগে বিশ্ব চ্যাম্পিয়ানশিপে অংশ নিলেও এবারই প্রথম ওয়ার্ল্ড কাপে প্রতিযোগিতায় নামলেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মোহনবাগান ও কালীঘাট ক্লাব জে সি মুখার্জি ট্রফি টি-টোয়েন্টি ক্রিকেটে ফাইনালে মুখোমুখি হবে। গতকাল সেমিফাইনালে মোহনবাগান, ভবানীপুর ক্লাবকে ৬ উইকেটে হারিয়ে দেয়।

অপর সেমিফাইনালে কালীঘাট, টাউন ক্লাবকে ৭ উইকেটে পরাজিত করে। ফাইনাল খেলা শুক্রবার।

oooooooooooooooooooooooooooo

নানা ধর্মীয় অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ উত্তর কলকাতার বাগবাজার গৌড়ীয় মিশনে শ্রীকৃষ্ণের চন্দন যাত্রা উৎসবের সমাপ্তি ঘটে। একুশ দিনব্যাপী চন্দন যাত্রা উৎসব উপলক্ষে বহু ভক্ত বাগবাজার গৌরীয় মিশনে সামিল হয়েছেন। চন্দন যাত্রা উৎসবের শেষ দিনে সন্ধ্যা আরতি তে ভক্তদের ভিড় চোখে পড়ে। একুশ দিন ধরে নানান বেশে সাজানো হয় শ্রীকৃষ্ণের বিগ্রহ কে। চন্দন যাত্রা উৎসব উপলক্ষে বাগবাজার গৌড়ীয় মিশনে নাম সংকীর্তন, ভজন, ধর্মালোচনা, ভগবত পাঠ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

oooooooooooooooooooo